

ভূ-গর্ভস্থ পানির ব্যবহার পরিমিতকরণ পরিকল্পনা

Underground Water Use Reducing Plan

পানির অপর নাম জীবন। জীবজগতকে সুষ্ঠুভাবে বেঁচে থাকার জন্য পানি একটি অপরিহার্য উপাদান। -----
লিমিটেড এপ্রিল, ২০০৩ ইং সাল থেকে ব্যবসায়িক কার্যক্রম সূনামের সাথে পরিচালনা করে আসছে। -----
লিমিটেড কিভাবে ভূ-গর্ভস্থ পানি ব্যবহার কমানো যায় সেদিক বিবেচনা করে পানি ব্যবহার পরিমিতকরণ বা পানির ব্যবহার কমানোর
পরিকল্পনা করেছেন। কয়েকটি প্রক্রিয়ার মাধ্যমে পানির ব্যবহার পরিমিতকরণ বা পানির ব্যবহার কমানো যেতে পারে।

বৃষ্টির পানি সংরক্ষণ প্রক্রিয়া : -----লিমিটেড পানির ভবিষ্যতের কথা চিন্তা ভাবনা করে কারখানার ছাদের উপর
থেকে বৃষ্টির পানি ধরে নীচে একটি রিজার্ভারে সংরক্ষণ করে রাখার পরিকল্পনা হাতে নিয়েছে। এই প্রক্রিয়ার মাধ্যমে ভূ-গর্ভস্থ পানি
ব্যবহার কমানো সম্ভব। কারখানা কর্তৃপক্ষ এই বৃষ্টির পানি সংরক্ষণ প্রক্রিয়া ২০২৫ সালের মধ্যে বাস্তবায়ন করবেন বলে পরিকল্পনা
করেছেন।

ইটিপি বা ডব্লুটিপি স্থাপন প্রক্রিয়া: আমাদের কারখানায় গার্মেন্টস বডি ওয়াশ করার জন্য প্রচুর পরিমাণে পানি ওয়াশিং এ ব্যবহার করে
থাকি। পানি কেমিক্যাল মিশ্রিত এবং ওয়েষ্ট হয়ে থাকে। ইটিপি বা ডব্লুটিপির মাধ্যমে পানি রিসাইকেলিং করে পুনরায় বিভিন্ন কাজে
পানি ব্যবহার করা যেতে পারে। কারখানা কর্তৃপক্ষ কারখানায় একটি ডব্লুটিপি স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। এই প্রক্রিয়া ২০৩০
সালের মধ্যে বাস্তবায়ন করবেন বলে পরিকল্পনা করেছেন।

ওয়াটার মিটার স্থাপন প্রক্রিয়া: প্রতিদিন আমরা ভূ-গর্ভস্থ পানি উত্তোলন করে কারখানার বিভিন্ন কাজে ব্যবহার করে থাকি। ভূ-গর্ভস্থ
উত্তোলিত পানি মেজারমেন্ট বা পরিমাপ করার জন্য ওয়াটার ফলো মিটার স্থাপন করা যেতে পারে। এই প্রক্রিয়া ২০২০ সালের মধ্যে
বাস্তবায়নের জন্য কারখানা কর্তৃপক্ষ পরিকল্পনা করেছেন।

ওয়ান স্টোপ বা সেন্সর পানি ট্যাপ ব্যবহার প্রক্রিয়া: আমরা পানির ব্যবহার কমানোর জন্য নরমাল ট্যাপের স্থলে ওয়ান স্টোপ/ সেন্সর পানির
ট্যাপ ব্যবহার করতে পারি। এই প্রক্রিয়া ২০২৫ সালের মধ্যে বাস্তবায়নের জন্য কারখানা কর্তৃপক্ষ পরিকল্পনা করেছেন।

বর্তমানে কারখানা কর্তৃপক্ষ কারখানার শ্রমিক/ কর্মচারীদের নিম্নোক্ত বিষয়গুলির উপর প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করে পানি
ব্যবহার কমানোর প্রক্রিয়া অব্যাহত রেখেছেন। যেমন:

খাবার পানি ব্যবহার : আমরা সবসময় বিশুদ্ধ পানি পান করবো এবং অপ্রয়োজনে খাবার পানি যেখানে সেখানে ফেলবো না। হাত
ধোয়ার জন্য অতিরিক্ত পানি নষ্ট করবো না। পানি পান করার পর পানির টেপ অবশ্যই বন্ধ করে রাখবো।

টয়লেটে পানি ব্যবহার : টয়লেটে পানি ব্যবহার করার পর অবশ্যই পানির কল বন্ধ করে রাখব এবং পানি কল খোলা অবস্থায় রেখে
আসব না। পানির কল নষ্ট হলে বা পানির পাইপ লিক হলে সাথে সাথে তা কর্তৃপক্ষকে জানাবো।

নষ্ট ট্যাপের স্থলে নতুন পানির ট্যাপ ব্যবহার: আমাদের ফ্যাক্টরীতে পানির ট্যাপ নষ্ট হওয়ার সাথে সাথে নষ্ট ট্যাপের স্থলে নতুন পানি
ট্যাপ লাগিয়ে পানির অপচয় হ্রাসকরণ অব্যাহত রয়েছে।

সচেতনতামূলক পোস্টার : কারখানার যেখানে পানির ব্যবহার করা হয়ে থাকে সেখানে আমরা সচেতনতামূলক ছবি ও পোস্টার টাঙিয়ে
পানির ব্যবহার কমাতে পারি। আমাদের স্লোগান হল “পানির অপচয় রোধ করুন, জীবন বাচান, পরিবেশ বাচান”। যেখানে পানির
কল আছে সেখানেই পানির অপচয় রোধ করুন এই লেখাটি পানি ব্যবহার করার স্থানে ঝুলিয়ে দিতে হবে এবং প্রতিদিন কারখানার
পরিবেশ কর্মকর্তা/ কল্যাণ কর্মকর্তাকে কারখানার সমস্ত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের পিএ সিষ্টেমের মাধ্যমে কাউন্সিলিং করতে হবে।

কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনে করে যে, উক্ত ভূ-গর্ভস্থ পানির ব্যবহার পরিমিতকরণ/ পানির ব্যবহার কমানোর পরিকল্পনা কারখানার অর্থনৈতিক উন্নয়নসহ পরিবেশের ভারসাম্য রক্ষায় সহায়ক ভূমিকা রাখবে।